বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিসাব সমন্বয় বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৮৩৯০৬
Email: dgmrecon@krishibank.org.bd
পিএবিএক্স ঃ ২২৩৯
মোবাইল নংঃ ০১৭২৬৪৮৫৯৩০, ০১৭১২৪৭২২৫২

নংঃ- প্রকা/সমন্বয়/৭৫(২০১৯)/২০২২-২০২৩/ ৭২ (১২৫৮)

তারিখঃ ২৬/০৯/২০২৩ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ** **আন্তঃশাখা লেনদেন হিসাবের শতভাগ সমন্বয়ের লক্ষ্যে অরিজিনেটিং ও রেসপন্ডিং এন্ট্রির এ্যাডভাইস সঠিকভাবে সিবিএস এ পোস্টিং প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নংঃ- প্রকা/সমন্বয়/৭৫(২০১৯)/২০২২-২০২৩/২০৭(১২৫০) তারিখঃ ০৪/০১/২০২৩ ইং এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)। উক্ত পত্রের আলোকে অত্র বিভাগ কর্তৃক সিবিএস হতে সরাসরি ডাটা সংগ্রহ পূর্বক হিসাব সমন্বয়ের কাজ জানুয়রি/২০২৩ হতে অব্যাহত আছে।

০২। কিন্তু ইদানিং অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, আন্তঃশাখা লেনদেনের এ্যাডভাইস রেসপন্ড করার সময় কতিপয় শাখা সঠিক পদ্ধতি অবলম্বন করছেন না, **অর্থ্যাৎ কার্যালয়/শাখা কর্তৃক অরিজিনিটিং সিঙ্গেল এ্যাডভাইস/এ্যাডভাইস সমূহকে রেসপন্ডিং শাখা পুঞ্জিভূত করে (এক দিনে বা নির্দিষ্ট সময়ে সংঘটিত সকল লেনদেন একটিমাত্র এ্যাডভাইসের মাধ্যমে) রেসপন্ড করছে তথা সিবিএস এ পোস্টিং দিচ্ছে। সিবিএস থেকে প্রাপ্ত বিবরণী বিশ্লেষণ করে দেখা যায়, প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক প্রেরিত ১১১১ (বিকেবি এক্সচেঞ্জ হাউজ সাধারণ হিসাব) এ্যাডভাইস শাখা পর্যায়ে সাড়া প্রদানকালে এরুপ অসংগতি পরিলক্ষিত হচ্ছে**। পুঞ্জিভূতভাবে এ্যাডভাইস সমূহ রেসপন্ড করার দরুণ উভয়দিকে অসমন্বিত এন্ট্রি ও টাকার পরিমান বৃদ্ধি পাচ্ছে; শাখা সমূহকে **১১১১** (বিকেবি এক্সচেঞ্জ হাউজ সাধারণ হিসাব) এ্যাডভাইস রেসপন্ড করার সময় প্রতিটি সিঙ্গেল এ্যাডভাইসকে আলাদা অলাদা ভাবে সিবিএস এ পোস্টিং দিতে হবে।

০৩। উল্লেখ্য যে, আন্তঃশাখা লেনদেনের হিসাব সমন্বয়ের লক্ষ্যে অরিজিনেটিং ও রেসপন্ডিং এন্ট্রি ম্যাচ করার জন্য অনেকগুলো ফিল্ড একইরুপ হতে হয় তবেই কম্পিউটার সার্ভার সংশ্লিষ্ট এন্ট্রি দুটির সমন্বয় করতে সক্ষম হয়। অতএব, আন্তঃশাখা লেনদেনের অরিজিনিটিং ও রেসপন্ডিং এন্ট্রির এ্যাডভাইস সিবিএস এ পোস্টিং দেওয়ার সময় সতর্কতা অবলম্বন করার জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে শাখা পর্যায়ে নির্দেশনা প্রদান করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

২৬/০৯/২০২৩

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিংবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (**পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭. নথি।

২৬/০৯/২০২৩

(শাহরিয়ার মাহমুদ হাসান)
সহকারী মহাব্যাবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিসাব সমন্বয় বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৮৩৯০৬
Emailঃ dgmrecon@krishibank.org.bd
পিএবিএক্স ঃ ২২৩৯

নংঃ- প্রকা/সমন্বয়/৭৫(২০১৯)/২০২২-২০২৩/২০৭ (১২৫০)

তারিখঃ ০৪/০১/২০২৩ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ মাঠ পর্যায় (মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/শাখা) থেকে ১১১৪ (বিকেবি সাধারণ হিসাব) ১১১১ (বিকেবি এক্সচেঞ্জ হাউজ সাধারণ হিসাব) আন্তঃশাখা লেনদেনের প্রতিবেদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় ও শাখা হতে বর্তমানে চলমান বিকেবি আন্তঃশাখা লেনদেন হিসাব ১১১১ (বিকেবি এক্সচেঞ্জ হাউজ সাধারণ হিসাব) ও ১১১৪ (বিকেবি সাধারণ হিসাব) এর প্রতিবেদন সাপ্তাহিক ভিত্তিতে অত্র কার্যালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। বর্তমানে বাংলাদেশ কৃষি ব্যাংক এর ১০৩৮টি শাখার সবকটি শাখা অনলাইন এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। ফলশ্রুতিতে বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সম্মতিতে আইসিটি বিভাগ এর সিবিএস হতে ডাটা সংগ্রহ করায় জানুয়ারী ২০২৩ থেকে ১১১১ (বিকেবি এক্সচেঞ্জ হাউজ সাধারণ হিসাব) ও ১১১৪ (বিকেবি সাধারণ হিসাব) এর ই-মেইল ডাটা প্রেরণ স্থগিত করা হলো ।

০৩। উল্লেখ্য, ডিসেম্বর ২০২২ পর্যন্ত ১১১১ (বিকেবি এক্সচেঞ্জ হাউজ সাধারণ হিসাব) ও ১১১৪ (বিকেবি সাধারণ হিসাব) এর ই-মেইল ডাটা প্রেরণ করার পর পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত উক্ত হিসাবদ্বয়ের ডাটা না পাঠানোর অনুরোধ করা হলো ।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

০৪/০১/২০২৩

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিংবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (**পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭. নথি।

০৪/০১/২০২৩

(শাহরিয়ার মাহমুদ হাসান)
সহকারী মহাব্যাবস্থাপক